



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, বন্দর, চট্টগ্রাম-৪১০০, বাংলাদেশ
ফোন : ০২-৩৩৩৩২২২০০-২৯, ফ্যাক্স : ০২-৩৩৩৩১০৮৮৯

www.cpa.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১০/২০২৬

তারিখ- ১১-০৬-২০২৬ ইং।

বিষয়- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বার্থ, টার্মিনাল ও শিপ হ্যাভলিং অপারেটর লাইসেন্স প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ- একই বিষয়ে ইতিপূর্বে গত ৩০-০৯-২০২৫ ইং তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি।

বর্ণিত বিষয়ে সূত্রোক্ত বিজ্ঞপ্তির অনুরোধক্রমে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বার্থ, টার্মিনাল ও শিপ হ্যাভলিং অপারেটর লাইসেন্স প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে। লাইসেন্স গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানসমূহকে আগামী ৩০-০৬-২০২৬ ইং তারিখের মধ্যে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবরে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলোঃ

-ঃ আবেদনের সাথে দাখিলতব্য কাগজপত্রাদি ও শর্তাবলী :-

- (১) আবেদনকারী কর্তৃক বাংলাদেশের যে কোনো বন্দরে জাহাজ হইতে পণ্য বা কন্টেইনার লোড ও আনলোড করিবার প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (দরপত্র দলিল অনুযায়ী) সম্পন্ন কর্মচারী নিয়োগ করিতে হইবে এবং উক্ত সমর্থনে প্রমাণক দাখিল করিতে হইবে;
- (২) আবেদনকারী সক্ষমতার প্রমাণক হিসেবে উপযুক্ত যন্ত্রপাতি ও উপকরণ থাকার সমর্থনে উপযুক্ত প্রতিষ্ঠান হইতে সনদ দাখিল করিতে হইবে;
- (৩) জাহাজ মালিক, শিপিং কোম্পানি, চার্টারার, সরকারী সংস্থা বা স্বায়ত্বশাসিত সংস্থা বা কাস্টমস্ হইতে লাইসেন্সপ্রাপ্ত শিপিং এজেন্ট আবেদনকারীর সহিত ব্যবসা পরিচালনার চুক্তি করিতে সম্মত আছেন মর্মে প্রমাণক দাখিল করিতে হইবে;
- (৪) শ্রমিক এবং অন্যান্য কর্মচারীদের মজুরি-বেতন, ক্ষতিপূরণ এবং অন্যান্য আর্থিক দায় মেটানোর জন্য আর্থিক সক্ষমতা থাকিবার সমর্থনে প্রমাণক দাখিল করিতে হইবে; এবং
- (৫) জাতীয়তার প্রমাণ, আয়কর পরিশোধ সনদ, ভ্যাট নিবন্ধন সনদ, ট্রেড লাইসেন্স, শ্রমিকের জন্য বীমা কভারেজ সনদ এবং সংশ্লিষ্ট অভিজ্ঞতার সনদ ও প্রমাণক দাখিল করিতে হইবে।
- (৬) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে এবং নাগরিকত্বের স্বপক্ষে এনআইডি বা পাসপোর্ট এর অনুলিপি দাখিল করিতে হইবে।
- (৭) আবেদনকারী বা আবেদনকারী প্রতিষ্ঠানকে আবেদন পত্রের সাথে লাইসেন্স আবেদন ফি বাবদ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুকূলে তফসিলভুক্ত ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার দাখিল করিতে হইবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

বিঃ দ্রঃ- ইতিপূর্বে সূত্রোক্ত বিজ্ঞপ্তি মূলে যে সমস্ত প্রতিষ্ঠান আবেদন দাখিল করেছেন তাদের পুনঃ আবেদন করার প্রয়োজন নাই।


পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ